

B.A. 6th Semester (Honours) Examination 2022

বাংলা

Course Title : মধ্যযুগের বাংলা সাহিত্য

Course ID : 60116

Course Code : AHBNG-603-DSE-3

সময় : ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। **যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:** ২×৫=১০
- ক) তোমার পঠিত জ্ঞানদাসের আক্ষেপানুরাগ পর্যায়ের পদটির ভনিতাংশ তুলে ধরো।
- খ) রূপের পাথারে আঁখি ডুবি সে রহিল।
যৌবনের বনে মন হারাইয়া গেল।। -- পদাংশটির অলংকার নির্ণয় করো।
- গ) কর- যুগে নয়ন মুদি চলু ভামিনী
তিমির - পয়ানক আশে। -- পরবর্তী চরণটি তুলে ধরো।
- ঘ) তোমার পঠিত গোবিন্দদাসের 'পূর্বরাগ ও অনুরাগ' পর্যায়ের পদটিতে কোন্ ফুলের মালার কথা উল্লেখিত হয়েছে। উক্ত ফুলের মালাটি কোথায় দুলেছে ?
- ঙ) ঘনরাম চক্রবর্তী কার পৃষ্ঠপোষকতায় ধর্মমঙ্গল কাব্য রচনা করেন ?
- চ) ধর্মমঙ্গল কাব্যের কর্ণসেন কোথাকার রাজা ছিলেন ? ইছাই ঘোষ কোথায় রাজত্ব করতেন ?
- ছ) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থের 'সুভদ্রা হরণ' ও 'যদুবংশ ধ্বংসের কারণ' অংশগুলি কোন্ রাগে গীত হয়েছে ?
- জ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটি কার সম্পাদনায় কত সালে প্রথম প্রকাশিত হয় ?
- ২। **যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** ৫×২=১০
- ক) 'শ্রীকৃষ্ণ বিজয়' কাব্যের কৃষ্ণের জন্ম অংশ বর্ণনায় পুরাণের যে অনুসরণ ঘটেছে তা সংক্ষেপে তুলে ধরো।
- খ) গোবিন্দ দাস কহ ইথে কি বিচার।
ছুটল বাণ কিয়ে যতনে নিবার।। - প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য নিরূপণ করো।
- গ) দেখিতে যে সুখ উঠে কি বলিব তা।
দরশ পরশ লাগি আউলাইছে গা।। - পদটিতে রাধার যে চিত্ত ব্যাকুলতার পরিচয় মেলে তা সংক্ষেপে তুলে ধরো।
- ঘ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল' কাব্যের কানাড়া চরিত্রটির গুরুত্ব তুলে ধরো।
- ৩। **যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** ১০×২=২০
- ক) তোমার পঠিত বৈষ্ণব পদাবলীর পদ অবলম্বনে জ্ঞানদাসের কবি-কৃতিত্ব আলোচনা করো।
- খ) গৌরাঙ্গ বিষয়ক ও গৌরচন্দ্রিকা পদের পার্থক্য উল্লেখ করে তোমার পঠিত গোবিন্দদাসের গৌরাঙ্গ বিষয়ক পদটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- গ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণ বিজয়' কাব্যের কাব্য ভাবনায় কবির মৌলিকতা বিচার করো।
- ঘ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল' কাব্যে কবির বৈশিষ্ট্য আলোচনা করো।